

আসন্ন দাখিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান

পবিত্র কুরআন শরীফে আল্লাহপাক এরশাদ করেছেন, 'ইকরা বিস্মে রাক্বিকাল্লাযী খালাক- পড় তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করেছেন।' 'জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমান নর-নারীর জন্য ফরজ' (আল হাদিস)।

অত্যন্ত উদ্বিগ্ন ও গভীর পরিতাপের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ছাত্র-ছাত্রী মহান আল্লাহ ও মহানবীর (সঃ) এ সকল মহাঘোষণাকে আমলে না এনে সারা বছর পড়ালেখা না করে পরীক্ষার সময় অসদুপায় অবলম্বন করে থাকে। নৈতিকতা ও স্বীনি-শিক্ষার বরখেলাপ এ গর্হিত কাজে লিপ্ত হয়ে তারা যেমন কনাহগার হয়ে পড়ে, তেমনি দেশের প্রচলিত আইনেও অপরাধী বলে গণ্য হয়।

১৯৮০ সালের পাবলিক পরীক্ষা (অপরাধ) আইনের আওতায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী এবং নকলে সহায়তা প্রদানকারীর জন্য শাস্তির বিধান আছে। শাস্তির মাত্রা ১০ (দশ) বছর পর্যন্ত কারাদণ্ড কিংবা অর্থদণ্ড বা উভয়বিধ দণ্ড হতে পারে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০০৩ সালকে সুশিক্ষার বছর ঘোষণা করেছেন। আসুন, মাননীয় প্রধানমন্ত্রীর এ মহান ঘোষণার প্রতি সম্মান প্রদর্শন করি। ছাত্র-শিক্ষক, অভিভাবক, পরীক্ষা গ্রহণের কাজে নিয়োজিত কর্মকর্তাগণ এবং সর্বোপরি জনসাধারণ সকলে মিলে আসন্ন দাখিল পরীক্ষা ২০০৩ সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের ঐক্যবদ্ধ প্রয়াস গ্রহণ করি।

নকলের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলুন



নি-৭৫৪/২০০৩ (৬'৪৩)

প্রফেসর মোঃ মনিরুল ইসলাম
চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।